

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং -৩৭.০৩.০০০০.০১০.১৮.০১০.১৮(ন-১০/পার্ট-১)/৩৫৫

তারিখঃ ১৭/০৮/২০১৯ খ্রিঃ

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে কারিগরি শিক্ষার প্রচার ও প্রসারের নিমিত্ত বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষার প্রচার ও প্রসারের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার সারাদেশে ছড়িয়ে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। উল্লিখিত স্টিকারসমূহ সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ দেশের জনবহুল প্রতিষ্ঠান ও স্থানসমূহে প্রদর্শন করা প্রয়োজন। উক্ত স্টিকারসমূহ প্রদর্শনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের সহযোগিতা একান্ত অপরিহার্য।

৩। এমতাবস্থায়, উল্লিখিত স্টিকারসমূহ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহে বিতরণের নিমিত্ত আগামী ২২ আগস্ট, ২০১৯ খ্রিঃ তারিখে অত্র অধিদপ্তরের সাধারণ শাখা হতে বাহক মারফত বুঝে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-
(মনজুরুল কাদের)
যুগ্মসচিব
ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


প্রাপক : আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ খুলনা/ রাজশাহী/ রংপুর বিভাগ।

নং -৩৭.০৩.০০০০.০১০.১৮.০১০.১৮(ন-১০/পার্ট-১)/৩৫৫(৭)

তারিখঃ ১৭/০৮/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পি.আই.ডব্লিউ/পি.আই.ইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা। (সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে বাহক মারফত উক্ত স্টিকার গ্রহণ করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, জনবহুল প্রতিষ্ঠান ও স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)। (সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে বাহক মারফত উক্ত স্টিকার গ্রহণ করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, জনবহুল প্রতিষ্ঠান ও স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)। (সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে বাহক মারফত উক্ত স্টিকার গ্রহণ করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, জনবহুল প্রতিষ্ঠান ও স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক-১
ফোন-০২-৮১৮১২২৯